

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আইসিটি সেল

উদ্ভাবনী সভার কার্যবিবরণী।

সভাপতি

মোঃ আশরাফ শামীম

অতিরিক্ত সচিব

সভার তারিখ ৩০ অক্টোবর ২০১৮

সভার সময় বেলা ১১.০০টা

স্থান মন্ত্রণালয়ের সভাকক্ষ

উপস্থিতি পরিশিষ্ট 'ক'

সভাপতি সভার শুরুতে উপস্থিত সদস্যগণকে স্বাগত করে সভার কাজ শুরু করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ১। গত ২৫/১০/২০১৮ তারিখে মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক কর্মশালায় উপস্থাপিত উদ্ভাবনী ভাবনাসমূহের উপর প্রদত্ত পরামর্শ ও নির্দেশনা হালনাগাদ করে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবে।
- ২। এ মন্ত্রণালয়ের মাঠপর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে উদ্ভাবন-ধারণা সঞ্চারণ, উদ্ভাবন-ধারণা প্রক্রিয়ায় সকলকে সম্পৃক্তকরণ এবং তাদের নিকট থেকে উদ্ভাবন-ধারণা গ্রহণে এ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থাকে সক্রিয় ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- ৩। নভেম্বর ২০১৮ মাসের মধ্যে মন্ত্রণালয়ের ইনোভেশন টিমকে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/অধিদপ্তরের কর্মকর্তাদের নিয়ে ২ দিনব্যাপী 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করতে হবে।
- ৪। মন্ত্রণালয়ের উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তা ও ইনোভেশন আইডিয়া প্রদানকারী কর্মকর্তাদের নিয়ে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-২০১৯ অনুযায়ী দেশের অভ্যন্তরে শিক্ষাসফরের আয়োজন করতে হবে।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আশরাফ শামীম
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০৩৬.৩২.০০৬.১৭.১২২

তারিখ: ২২ কার্তিক ১৪২৫
০৬ নভেম্বর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, প্রশাসন অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

- ২) উপ-সচিব, সংস্থাপন অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৩) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৪) উপ-সচিব, রপ্তানীমুখী শিল্প অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৫) সিনিয়র সহকারি প্রধান, পরিকল্পনা-১ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৬) প্রোগ্রামার, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৭) সহকারি প্রোগ্রামার, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৮) সহকারি সচিব, প্রশাসন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

সুকান্ত বসাক

সুকান্ত বসাক
সিস্টেম এনালিস্ট